



হরমুজ প্রণালিতে সৌদি জাহাজে হামলায় নিহত ২



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালী দিয়ে যাওয়ার সময় সৌদি আরবের একটি বাণিজ্যিক জাহাজ হামলার শিকার হয়েছে। এতে জাহাজে থাকা দুই নাবিক নিহত হয়েছেন। এ ঘটনার জন্য ইরানকে দায়ী করেছে সৌদি আরব।

বুধবার (২ সেপ্টেম্বর) দেশটির জাতীয় শিপিং কোম্পানির পক্ষ থেকে হামলার বিষয়টি নিশ্চিত করা হয়।

সৌদি জাতীয় শিপিং কোম্পানি ‘বাহরি’ জানিয়েছে, তাদের মালিকানাধীন ‘সিডর’ নামের বাণিজ্যিক জাহাজটি গত সোমবার হরমুজ প্রণালী অতিক্রম করার সময় হামলার মুখে পড়ে। এ ঘটনায় প্রাণ হারানো দুই নাবিকই ফিলিপাইনের নাগরিক।

হামলার জন্য সরাসরি ইরানকে দায়ী করেছে সৌদি আরব। তবে এ বিষয়ে ইরানের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়ার কথা উল্লেখ করা হয়নি।

একই দিনে হরমুজ প্রণালীতে আরেকটি ঘটনার তথ্য দিয়েছে যুক্তরাজ্যের সামুদ্রিক বাণিজ্য নিরাপত্তাবিষয়ক সংস্থা ইউনাইটেড কিংডম মেরিটাইম ট্রেড অপারেশনস। সংস্থাটির তথ্য অনুযায়ী, ওই নৌপথে চলাচলের সময় একটি তেলবাহী ট্যাংকারে তিনটি অজ্ঞাত বস্তু আঘাত হানে।

এসব ঘটনার পর হরমুজ প্রণালী এলাকায় চলাচলরত বাণিজ্যিক জাহাজগুলোকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছে যুক্তরাজ্যের ওই সামুদ্রিক নিরাপত্তা সংস্থা।